

জনতা ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয়

ঢাকা।

আরসিডি সার্কুলার নং- ৬৯/১৮

তারিখঃ ১১/০১/২০১৮ খ্রিঃ
২৮ পৌষ ১৪২৪ বাং

সকল মহাব্যবস্থাপক/ উপ-মহাব্যবস্থাপক
একান্ত সচিব, সিইও এন্ড এমডি এবং সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।

বিষয়ঃ জলাশয়/পুকুরে কার্প জাতীয় মাছের মিশ্রচাষের ঋণ কর্মসূচির নীতিমালা হালনাগাদকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

মিঠা পানির পুকুর ও জলাশয়সমূহ সংস্কার পূর্বক মাছ চাষ, মৎস্য হ্যাচারী ও মৎস্য প্রকল্প স্থাপনের বিষয়টি অগ্রাধিকার প্রদান করা হচ্ছে। এ লক্ষ্যে জনতা ব্যাংক লিমিটেড কর্তৃক ২০০৩ সনে মৎস্য চাষের একটি নীতিমালা প্রণয়ন করা হয়; যা আরসিডি সার্কুলার নং ২৭৪ তারিখ ৩১/০৮/২০০৩ এর মাধ্যমে জারী করা হয়।

২.০০। সম্প্রতি মাঠ পর্যায়ে বিভিন্ন বিভাগীয় কার্যালয়, এরিয়া অফিস ও শাখা থেকে মৎস্য চাষে ঋণের পরিমাণ বৃদ্ধি করার জন্য অনুরোধ করা হয়। তাছাড়া, বাংলাদেশ ব্যাংক কর্তৃক কৃষি ও পল্লী খাতের মোট বরাদ্দের ১০% প্রাণিসম্পদ খাতে বিতরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। এ প্রেক্ষিতে জলাশয়/পুকুরে কার্প জাতীয় মাছের মিশ্রচাষের ঋণ কর্মসূচির ঋণসীমা বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট বিষয়ে নীতিমালা গত ২০/১২/২০১৭ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৫০২তম সভায় উপস্থাপন করা হলে পর্ষদ কর্তৃক উক্ত ঋণ কর্মসূচির নীতিমালা অনুমোদন প্রদান করা হয়। উক্ত নীতিমালা নিম্নে প্রদত্ত হলঃ-

- ২.১। ঋণ কর্মসূচির নাম : জলাশয়/পুকুরে কার্পজাতীয় মাছের মিশ্রচাষের ঋণ কর্মসূচি।
- ২.২। ঋণের উদ্দেশ্য : কর্মসংস্থান সৃষ্টি, দারিদ্র্য বিমোচন ও প্রাণিজ আমিষের ঘাটতি পূরণ।
- ২.৩। গ্রাহক নির্বাচন : জনতা ব্যাংকের শাখা নিম্নোক্ত শর্তের ভিত্তিতে গ্রাহক নির্বাচন করবেঃ-
- ক) ঋণ আবেদনকারীকে সংশ্লিষ্ট এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- খ) ঋণ আবেদনকারীর পূর্ব অভিজ্ঞতা/প্রশিক্ষণকে অগ্রাধিকার দেয়া হবে।
- গ) ঋণগ্রহীতার নামে অন্য কোন প্রতিষ্ঠানে খেলাপী ঋণ থাকতে পারবে না।
- ঘ) সংশ্লিষ্ট পুকুরের বিপরীতে অন্য কোন প্রতিষ্ঠানের ঋণ নেই মর্মে নিশ্চিত হতে হবে।
- ২.৪। ঋণের প্রকৃতি : মধ্য মেয়াদী
- ২.৫। ঋণ বিতরণকারী শাখা : সারা দেশে জনতা ব্যাংক লিমিটেড এর সকল শাখার মাধ্যমে তদারকিযোগ্য দূরত্বের মধ্যে এ ঋণ কর্মসূচি বাস্তবায়নযোগ্য হবে।
- ২.৬। ঋণ প্রাপ্তির যোগ্যতা : পুকুর/জলাশয়/খামারের মালিক, ইজারা গ্রহীতা।
- ২.৭। আয়-ব্যয় হিসাব : ৬ (ছয়) মাসের একটি উৎপাদন চক্র (একর প্রতি)।

(ক) উৎপাদন ব্যয়ঃ	উপকরণ/বিবরণ	পরিমাণ	দর (টাকা, একক)	মোট মূল্য (টাকা)
	পুকুর আংশিক সংস্কার	লামসাম		১০,০০০/-
	পুকুর প্রস্তুতি	লামসাম		৫,০০০/-
	পোনা ক্রয়	৬০০০টি	২.৫ (৩ ইঞ্চি)	১৫,০০০/-
	খাদ্য	২৫৫০ কেজি	৩০.০০	৭৬,৫০০/-
	সার-জৈব (গোবর)	৪৫০০ কেজি	২.০০ (পরিবহনসহ)	৯,০০০/-
	সার-অজৈব (ইউরিয়া)	৩০০ কেজি	১৫.০০	৪,৫০০/-
	টিএসপি	১৫০ কেজি	২৫.০০	৩,৭৫০/-
	নমুনায়ন	৫ বার	৬০০.০০	৩,০০০/-
	শ্রমিক ব্যয়	২০ দিবস	৩০০.০০	৬,০০০/-
	বিদ্যুৎ/জ্বালানী ব্যয়	লামসাম		৩,০০০/-
	মাছ আহরণ ও বিক্রয়	লামসাম		৫,০০০/-
	অন্যান্য ব্যয়	লামসাম		৯,২৫০/-
	মোট ব্যয়			=১,৫০,০০০/-
(খ) আয়ঃ	উৎপাদিত মাছ- ৩,২৪০ কেজি	প্রতি কেজির মূল্য- ১০০/- টাকা		=৩,২৪,০০০/-
(গ) নীট আয়ঃ	আয় - উৎপাদন ব্যয়= (৩,২৪,০০০ - ১,৫০,০০০)/-টাকা =১,৭৪,০০০/-টাকা			

পরবর্তী পাতা-০২

বিষয়ঃ- জলাশয়/পুকুরে কার্প জাতীয় মাছের মিশ্রচাষের ঋণ কর্মসূচির নীতিমালা হালনাগাদকরণ প্রসঙ্গে।

- ২.৮। ঋণসীমা : এক একর জলাশয়/এক একর জলায়তন পুকুরে মাছ চাষের জন্য ১.৫০ লক্ষ টাকা হিসেবে সর্বোচ্চ ১০.০০ (দশ) লক্ষ টাকা।
- ২.৯। সুদের হার : ৯% (পরিবর্তনশীল)।
- ২.১০। ঋণের মেয়াদ : ০৩ (তিন) মাস গ্রেস পিরিয়ডসহ ১৮ মাস।
- ২.১১। ঋণ মঞ্জুরী ক্ষমতা :
- | ৪র্থ গ্রেড
শাখা | ৩য় গ্রেড
শাখা | ২য় গ্রেড
শাখা | ১ম গ্রেড
শাখা | এজিএম | ডিজিএম | জিএম |
|--------------------|-------------------|-------------------|------------------|-------|--------|-------|
| ১.০০ | ২.০০ | ৩.০০ | ৪.০০ | ৬.০০ | ৮.০০ | ১০.০০ |
- ২.১২। জামানত : ক) ১.৫০(দেড়) লক্ষ টাকা পর্যন্ত ঋণের জন্য ঋণগ্রহীতার ব্যক্তিগত গ্যারান্টি এবং ব্যাংকের নিকট গ্রহণযোগ্য তৃতীয় পক্ষীয় গ্যারান্টি গ্রহণ। উৎপাদিত মৎস্য ব্যাংকের নিকট দায়বদ্ধ (হাইপোঃ) থাকবে।
খ) ১.৫০(দেড়) লক্ষ টাকার উর্ধ্ব এবং ৪.০০(চার) লক্ষ টাকা পর্যন্ত ঋণের জন্য আবাদকৃত পুকুর জামানত হিসেবে ব্যাংকের নিকট রেজিস্টার মর্টগেজ মূলে বন্ধক থাকবে। পুকুর ইজারাকৃত হলে সমমূল্যে অন্য জমি/সম্পত্তি রেজিস্টার মর্টগেজ মূলে ব্যাংকের নিকট বন্ধক থাকবে। উৎপাদিত মৎস্য ব্যাংকের নিকট দায়বদ্ধ (হাইপোঃ) থাকবে।
গ) ৪.০০(চার) লক্ষ টাকার উর্ধ্ব ঋণের জন্য ১.৫ গুন মূল্যে জমি/সম্পত্তি ব্যাংকের অনুকূলে রেজিস্টার মর্টগেজ মূলে বন্ধক থাকবে।
- ২.১৩। ঋণ বিতরণ পদ্ধতি : ক) নিম্নোক্তভাবে ৩(তিন) কিস্তিতে ঋণ বিতরণযোগ্য।
১। পুকুর সংস্কার/প্রস্তুতকরণ, বিদ্যুৎ/জ্বালানীর জন্য প্রথম কিস্তি।
২। পোনা ও খাদ্য ক্রয়ের জন্য দ্বিতীয় কিস্তি।
৩। সার (গোবর, ইউরিয়া ও টিএসপি), শ্রমিক, নমুনায়ন ইত্যাদি জন্য তৃতীয় কিস্তি।
- ২.১৪। ঋণ আদায় পদ্ধতি : ঋণ বিতরণকারী শাখা কর্তৃক ০৩(তিন) মাস গ্রেস পিরিয়ড বাদে ত্রৈমাসিক কিস্তিতে ঋণ আদায় কার্যক্রম পরিচালনা করবে এবং এরিয়া অফিস হতে ঋণ আদায়ে তদারকী করবে।
- ২.১৫। প্রয়োজনীয় কাগজপত্রাদি : ক) এলাকার স্থায়ী বাসিন্দার স্বপক্ষে ইউপি চেয়ারম্যান/ কমিশনারের প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।
খ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
গ) আবেদনকারীকে দুই কপি পাসপোর্ট সাইজের ছবি দাখিল করতে হবে, যা শাখা ব্যবস্থাপক কর্তৃক সত্যায়িত হতে হবে।
ঘ) নির্ধারিত আবেদনপত্রে আবেদন করতে হবে (সংযুক্ত-ক)।
ঙ) আবেদনকারীর নামে শাখায় একটি সঞ্চয়ী/চলতি হিসাব থাকতে হবে।
চ) ইজারা চুক্তিঃ অন্যের/আত্মীয়ের পুকুর/জলাশয়ে মৎস্য চাষের ক্ষেত্রে পুকুর/জলাশয়ের মূল মালিকের সাথে কমপক্ষে ০৫(পাঁচ) বছরের জন্য একটি চুক্তিনামা সম্পাদন করতে হবে।
ছ) জলাশয়/পুকুরে কার্পজাতীয় মাছের মিশ্রচাষের ঋণ কর্মসূচি এর আওতায় বিতরণতব্য ঋণের মঞ্জুরীপত্রের নমুনা (সংযুক্ত-খ)।
- ৩.০০। তদারকি ও পরীক্ষণ : ঋণ বিতরণকারী শাখা, এরিয়া/বিভাগীয় অফিস ঋণের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ, নিয়মিত কিস্তি আদায় ও ব্যবসা পরিচালনার উপর-নিবিড় তদারকি করবে। সংশ্লিষ্ট শাখা হতে মাঝে মাঝে ঋণগ্রহীতার বাড়ী গমন করতঃ জলাশয়/পুকুরে কার্প জাতীয় মাছ চাষের বিষয়টি নিশ্চিত হতে হবে এবং এতদসংক্রান্ত রিপোর্ট ঋণ নথিতে সংরক্ষণ করতে হবে।
- ৪.০০। বরাদ্দ : চলতি ২০১৭-১৮ অর্থবছরে কৃষি ও পল্লী ঋণ কর্মসূচির জন্য পত্র সূত্র নং আরসিডি-৩/কৃ.ও প.ঋ./নীতিমালা ও বরাদ্দ (২০১৭-১৮)/হালিম/২০১৭ তারিখ-০৮/০৮/২০১৭ এর মাধ্যমে প্রদত্ত বরাদ্দ আন্তঃখাত/কর্মসূচি সমন্বয়পূর্বক ঋণ বিতরণ করা যাবে। উল্লেখ্য, এরিয়ার মোট বরাদ্দের কমপক্ষে ১০% এ কর্মসূচিসহ অন্যান্য প্রাণিসম্পদ খাতের আওতায় ঋণ মঞ্জুর ও বিতরণ করতে হবে।
- ৫.০০। রিপোর্টিং : শাখা কর্তৃক জলাশয়/পুকুরে কার্প জাতীয় মাছের মিশ্রচাষের ঋণ কর্মসূচির আওতায় বিতরণকৃত ঋণের বিবরণ লোন লেজার ও সাবসিডিয়ারী লেজারে আলাদাভাবে সংরক্ষণ করতে হবে এবং মাসিক বিবরণীর মাধ্যমে প্রধান কার্যালয়ের আরসিডি-৩ ডিপার্টমেন্ট বরাবর রিপোর্টিং করতে হবে।
- ৬.০০। পুকুর নির্বাচনঃ
- (ক) মিশ্রচাষের জন্য কমপক্ষে ৮-১০ মাস পানি থাকে এ রকম, অপেক্ষাকৃত বড় আকৃতির পুকুরের ক্ষেত্রে অগ্রাধিকার পাবে।
- (খ) পুকুরের জলায়তন ৩০ শতাংশের চেয়ে বেশি এবং পানির গড় গভীরতা ৪-৬ ফুট থাকা আবশ্যিক।
- (গ) পুকুর পাড়ে বোঁপ-জঙ্গল না থাকা ভাল। এতে পানিতে সূর্যালোক পড়ে পুকুরের উৎপাদনশীলতা বৃদ্ধি পায়। তাছাড়া পুকুর পাড়ে বোঁপ-জঙ্গল থাকলে গাছের পাতা ঝরে পুকুরের পানি নষ্ট হওয়ার সম্ভাবনা থাকে।
- (ঘ) পুকুর সংস্কার/প্রস্তুতকরণের বিষয়ে ব্যবহারিক প্রতিবেদন দাখিল করতে হবে।

বিষয়ঃ জলাশয়/পুকুরে কার্প জাতীয় মাছের মিশ্রচাষের ঋণ কর্মসূচির নীতিমালা হালনাগাদকরণ প্রসঙ্গে।

৭.০০। পুকুর প্রস্তুতিঃ পুকুর প্রস্তুতির মূল উদ্দেশ্য হলো মাছের বসবাসযোগ্য পরিবেশ তৈরি করা। পুকুর প্রস্তুতির আবশ্যিকীয় কাজগুলো নিম্নলিখিত কয়েকটি ধাপে সম্পন্ন করা যায়:

(ক) আগাছা ও পাড় পরিষ্কার-পুকুরে ভাসমান, লতানো, নিমজ্জিত ইত্যাদি জলজ আগাছা কায়িক শ্রমের মাধ্যমে পরিষ্কার করতে হবে।

(খ) পাড় ও তলা মেরামত- পুকুরের তলায় অধিক কাদা জমলে বা তলা ভরাট হয়ে থাকলে তলার অতিরিক্ত কাদা তুলে ফেলতে হবে। পুকুর শুকানোর পর ভাঙ্গা পাড় মেরামত ও তলা সমতল করতে হবে।

(গ) রাক্কুসে ও অবাস্তিত প্রাণী নির্মূল- পুকুর রাক্কুসে ও অবাস্তিত মাছ থাকলে কার্পজাতীয় মাছ চাষে সফলতা বিঘ্নিত হতে পারে। তাই পুকুর সেচ দিয়ে বা বিষ প্রয়োগ করে রাক্কুসে ও অবাস্তিত মাছ অপসারণ করতে হবে। প্রতি শতাংশে ৩০ সেমি. বা ১ ফুট পানির গভীরতায় ২৫-৩০ গ্রাম রোটেনন প্রয়োগ করা যেতে পারে।

(ঘ) চুন প্রয়োগ- মাটি ও পানির অবস্থাভেদে চুন প্রয়োগের মাত্রার তারতম্য হতে পারে। পানির পিএইচ ৮.৫ এর নিচে হলে প্রতি শতাংশে ১.০ কেজি হারে পাথুরে চুন বা ০.৬০ কেজি হারে কলিচুন ব্যবহার করতে হবে। চুন প্রয়োগের ১০ দিন পর প্র্যাংকটন উৎপাদনের জন্য পুকুরে জৈব ও অজৈব সার প্রয়োগ করতে হবে। জৈব সার হিসেবে গোবর, মুরগীর বিষ্ঠা এবং অজৈব সার হিসেবে ইউরিয়া, টিএসপি, এমপি ব্যবহার করা যেতে পারে। পুকুর প্রস্তুতকালীন সময়ে প্রতি শতাংশে ৫-৭ কেজি গোবর এবং ১০০-১২০ গ্রাম টিএসপি ও ১০০-১৪০ গ্রাম ইউরিয়া মিশিয়ে সমস্ত পুকুরে ছিটিয়ে দিতে হবে। সার প্রয়োগের ৪-৫ দিন পর পানির রং সবুজ বাদামী হলেই পুকুরে পোনা মজুদ করতে হবে।

এমতাবস্থায়, আলোচ্য ঋণ কর্মসূচির নীতিমালা যথাযথভাবে অনুসরণপূর্বক এ ঋণে ঋণ বিতরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেওয়া যাচ্ছে।

আপনার বিশ্বস্ত,


মোঃ মোস্তফা কামাল
উপ-মহাব্যবস্থাপক


মোঃ আব্দুল জব্বার
মহাব্যবস্থাপক

জনতা ব্যাংক লিমিটেড

পরিশিষ্ট-ক

..... শাখা

জলাশয়/পুকুরে কার্পজাতীয় মাছের মিশ্রচাষের ঋণ কর্মসূচি এর আওতায় ঋণের আবেদনপত্র।

পাসপোর্ট
সাইজের
ছবি

ব্যবস্থাপক

জনতা ব্যাংক লিমিটেড

..... শাখা।

বিষয় :একর জলাশয়/পুকুরে কার্পজাতীয় মাছের মিশ্রচাষের ঋণ কর্মসূচি এর জন্য (কথায়
.....) টাকা মধ্য মেয়াদী ঋণের আবেদন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

আমি/আমরা নিম্নস্বাক্ষরকারী একজন ক্ষুদ্র/প্রান্তিক/ভূমিহীন কৃষক/কিষাণী/বেকার/আধাবেকার যুবক। মৎস্য উৎপাদনের লক্ষ্যে পুকুর প্রস্তুতিসহ, খাদ্য, সার, ঔষধ এবং মাছের পোনা ক্রয়ের জন্য আপনাদের শাখা হতে মাছ চাষ ঋণ কর্মসূচি এর আওতায় আমি/আমরা টাকা মধ্য মেয়াদী ঋণ গ্রহণে ইচ্ছুক। আমার/আমাদের বিস্তারিত তথ্যাদি নিম্নে প্রদান করিলাম :-

নাম	:
পেশা	:
পিতার নাম ও পেশা	:
মাতার নাম ও পেশা	:
স্বামীর নাম ও পেশা	:
জন্ম তারিখ/বয়স	:
শিক্ষাগত যোগ্যতা (যদি থাকে)	:
বর্তমান আবাসিক ঠিকানা ও সেল ফোন নম্বর	:

স্থায়ী ঠিকানা :

জাতীয় আইডি কার্ড নং :

বার্ষিক মোট আয় :

মোট দায় দেনার পরিমাণ (যদি থাকে) :

এমতাবস্থায়, আমি/আমরা মৎস্য উৎপাদনের লক্ষ্যে পুকুর প্রস্তুতিসহ, খাদ্য, সার, ঔষধ এবং মাছের পোনা ক্রয়ের জন্য..... টাকা মধ্য মেয়াদী ঋণ মঞ্জুরী প্রদানের জন্য অনুরোধ জানাইতেছি। উক্ত ঋণ মঞ্জুর করা হলে আমি/আমরা ব্যাংকের সকল প্রকার নিয়মাবলি মানিয়া চলিব এবং যথাসময়ে ব্যাংকের পাওনা পরিশোধ করিতে বাধ্য থাকিব। অন্যথায় ব্যাংক আইনগত ব্যবস্থা গ্রহণ করে সুদসমেত ঋণের টাকা আদায় করতে পারবে।

আবেদনকারীর স্বাক্ষর :

পূর্ণ নাম :

তারিখ :

সনাক্তকারীর নাম ও স্বাক্ষর :

(জুল/কলেজের শিক্ষক/সরকারী/আধা-সরকারী
প্রতিষ্ঠানের কর্মকর্তা এবং গণ্যমান্য ব্যক্তি)

অঃপূঃ

সংশ্লিষ্ট কর্মকর্তার প্রত্যয়ন ও সুপারিশঃ এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, আবেদনকারী/আবেদনকারীগণ কর্তৃক দাখিলকৃত তথ্যাদি সত্য ও নির্ভুল। আবেদনকারী/আবেদনকারীগণের অনুকূলে টাকা ঋণ মঞ্জুরীর সুপারিশ করিতেছি।

তারিখঃ

সুপারিশকারীর স্বাক্ষর
(নাম ও পদবী উল্লেখসহ)

শাখা ব্যবস্থাপকের মন্তব্য/সুপারিশঃ

এরিয়া অফিসের সংশ্লিষ্ট কর্মকর্তার সুপারিশঃ

এরিয়া প্রধানের মন্তব্য/সুপারিশঃ

বিভাগীয় অফিসের সংশ্লিষ্ট কর্মকর্তার মন্তব্যঃ

বিভাগীয় প্রধানের মন্তব্যঃ

বিঃদ্রঃ এ ঋণ কর্মসূচির আওতায় বিদ্যমান প্রকল্প/ব্যবসার জন্য চলতি মূলধন সিসি (হাঃ) ঋণ প্রদানের ক্ষেত্রে অত্র ব্যাংকের প্রচলিত সিসি (হাঃ) ঋণের আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র ব্যবহার করতে হবে।

ব্যাংক কর্তৃক পূরণ করা হবে।

- মঞ্জুরকৃত ঋণের পরিমাণ : (কথায় :) টাকা।
- ক্রয়তব্যা উপকরনসমূহ :
- সুদের হার : ৯% (পরিবর্তনযোগ্য)।
- ঋণের মেয়াদ : ১৮ মাস।
- গ্রেন্স পিরিয়ড : ০৩ (তিন) মাস।
- কিস্তির সংখ্যা : ০৫টি (০৫টি ত্রৈমাসিক কিস্তিতে সুদসমেত আসল আদায়যোগ্য)।
- ১ম কিস্তি পরিশোধের তারিখ : ঋণ বিতরণের ০৪ (চার)তম মাসে ১ম ত্রৈমাসিকের ১ম দিন থেকে আদায়যোগ্য।
- জামানত : ক) উৎপাদিত মৎস্য ব্যাংকের নিকট হাইপোথিকেশন থাকবে।
খ) নিয়মানুযায়ী চার্জ ডকুমেন্টস সম্পাদন করতে হবে।
গ) ঋণগ্রহীতার পক্ষে ব্যাংকের নিকট গ্রহণযোগ্য ব্যক্তির (বিশেষ করে একাউন্ট হোল্ডার) কাছ থেকে তৃতীয় পক্ষীয় গ্যারান্টি গ্রহণ করতে হবে।
ঘ) ঋণগ্রহীতার পিতা/মাতা/স্বামী/ভাই/পুত্র/নিকট আত্মীয় এর নিকট থেকে অতিরিক্ত অঙ্গীকার নিতে হবে।

মঞ্জুরকারী কর্তৃপক্ষের স্বাক্ষর



অফিসার
নামসহ সীল ও তারিখ

ম্যানেজার/ নির্বাহী
নামসহ সীল ও তারিখ

জলাশয়/পুকুরে কার্পজাতীয় মাছের মিশ্রচাষের ঋণ কর্মসূচি এর আওতায় বিতরণতব্য ঋণের মঞ্জুরীপত্রের নমুনা ।

জনাব

পিতা/স্বামী :

.....

.....

বিষয় :একর জলাশয়/পুকুরে কার্পজাতীয় মাছের মিশ্রচাষের এর জন্য.....(কথায়
.....) টাকা মধ্য মেয়াদী ঋণ মঞ্জুরী প্রসঙ্গে ।

প্রিয় মহোদয়,

আপনার তারিখের আবেদনের প্রেক্ষিতে আপনার অনুকূলে একর জলাশয়/পুকুরে কার্পজাতীয় মাছের মিশ্রচাষের এর লক্ষ্যে পুকুর প্রস্তুতিসহ, খাদ্য, সার, ঔষধ এবং মাছের পোনা ক্রয়ের জন্য টাকা মধ্য মেয়াদী ঋণ নিম্নবর্ণিত শর্তে মঞ্জুর করা হলো :-

- ০১। ঋণ কর্মসূচির নাম : জলাশয়/পুকুরে কার্পজাতীয় মাছের মিশ্রচাষের ঋণ কর্মসূচি ।
- ০২। ঋণের মেয়াদ : গ্রেস পিরিয়ডসহ ১৮ মাস ।
- ০৩। ঋণ বিতরণ সূচী : ৩(তিন) কিস্তিতে বিতরণযোগ্য ।
- ০৪। সুদের হার : ৯% (পরিবর্তনযোগ্য) ।
- ০৫। গ্রেস পিরিয়ড : ০৩ (তিন) মাস ।
- ০৬। কিস্তির আকার : ০৫টি (০৫টি ত্রৈমাসিক কিস্তিতে সুদসমেত আসল আদায়যোগ্য) ।
- ০৭। পরিশোধ পদ্ধতি : ঋণ বিতরণের পর ৩(তিন) মাস গ্রেস পিরিয়ড বাদে সুদসমেত সমুদয় অর্থ ত্রৈমাসিক কিস্তিতে আদায়/পরিশোধ করতে হবে ।
- ০৮। ডকুমেন্টেশন : ব্যাংকের প্রচলিত নিয়ম মোতাবেক চার্জ ডকুমেন্টস সম্পাদন করতে হবে ।
- ০৯। ঋণের নিরাপত্তা/গ্যারান্টি : ক) উৎপাদিত মৎস্য ব্যাংকের নিকট হাইপোথিকেশন থাকবে ।
খ) ঋণগ্রহীতার পক্ষে ব্যাংকের নিকট গ্রহণযোগ্য ব্যক্তির (বিশেষ করে একাউন্ট হোল্ডার) কাছ থেকে তৃতীয় পক্ষীয় গ্যারান্টি গ্রহণ করতে হবে ।
গ) স্বামী/পিতা/ভাই/পুত্র/নিকট আত্মীয় এর নিকট থেকে অতিরিক্ত গ্যারান্টি প্রদান করতে হবে ।
- ১০। অন্যান্য শর্ত : ক) ঋণের যথাযথ ব্যবহার না হলে কিংবা মঞ্জুরীপত্রের কোন শর্ত ভঙ্গ করলে কোন প্রকার নোটিশ প্রদান ব্যতিরেকেই ব্যাংক যে কোন সময়ে এ ঋণ বাতিল/সংশোধন/সুদাসলে আদায় করতে পারবে ।
খ) ঋণের টাকায় নির্ধারিত মালামাল বা উপকরণ ক্রয় বাবদ ব্যয়ের অতিরিক্ত সকল প্রকার ব্যয় আপনাকে বহন করতে হবে ।
গ) ঋণ অনাদায়ী থাকা অবস্থায় পুকুর/জলাশয় বিক্রয় করতে পারবে না এবং এ বিষয়ে অস্বীকারনামা প্রদান করতে হবে ।

উপর্যুক্ত শর্তাবলীতে সম্মত থাকলে এ মঞ্জুরী পত্রের ডুপ্লিকেট কপিতে 'মঞ্জুরীপত্রের শর্তে সম্মত আছি' উল্লেখপূর্বক আপনার সম্মতিসূচক স্বাক্ষর প্রদানের জন্য পরামর্শ দেয়া হলো ।

ধন্যবাদান্তে,

আপনার বিশ্বস্ত

অফিসার
নামসহ সীল ও তারিখ

ম্যানেজার/ নির্বাহী
নামসহ সীল ও তারিখ

